



## যুক্তরাষ্ট্রের কঠোর অবস্থানেই জটিল হচ্ছে শান্তি আলোচনা: ইরান



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ‘অতিরিক্ত চাহিদা’ চলমান শান্তি আলোচনার প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। পাকিস্তানের মধ্যস্থতায় চলা আলোচনা নিয়ে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে ফোনালাপে তিনি এ অভিযোগ তোলেন।

শনিবার (২৩ মে) আলজাজিরার এক প্রতিবেদনে বলা হয়, আরাঘচি যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে প্রতিশ্রুতি ভঙ্গ, দৈত অবস্থান ও সামরিক চাপ প্রয়োগের অভিযোগ করেছেন। তবে এসবের পরও পাকিস্তানের উদ্যোগে আলোচনায় গুরুত্ব সহকারে অংশ নিচ্ছে তেহরান।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বরাতে তাসনিম নিউজ জানায়, গুতেরেস কূটনৈতিক সমাধানের ওপর জোর দিয়েছেন এবং যেকোনো দেশের সার্বভৌমত্বে হস্তক্ষেপের বিরোধিতা করেছেন।

এদিকে যুক্তরাষ্ট্র-ইরান সম্ভাব্য চুক্তি নিয়ে আলোচনা আরও জোরদার হয়েছে। এরই মধ্যে পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল অসিম মুনির তেহরানে পৌঁছেছেন।

ইউরেনিয়াম মজুত ও হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিয়ে দুই দেশের মধ্যে উত্তেজনা বাড়ছে। ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি সমৃদ্ধ ইউরেনিয়াম বিদেশে না পাঠানোর নির্দেশ দিয়েছেন। অন্যদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ইরানের উচ্চমাত্রার ইউরেনিয়াম মজুত নিয়ন্ত্রণে নিতে যুক্তরাষ্ট্র প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

তবে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কে রুবিও জানিয়েছেন, আলোচনায় ইতিবাচক অগ্রগতির কিছু লক্ষণ দেখা যাচ্ছে।